

# **া** রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৬২]

১৫/ যিকির-আযকার প্রসঙ্গে (کتاب الأذكار)

পরিচ্ছেদঃ ২৪৯: ঘুমাবার সময়ের দো'আ

(249) بَابُ مَا يَقُوْلُهُ عِنْدَ النَّوْم

### আরবী

وَعَنِ البَرَاءِ بنِ عَازِبٍ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم: «إِذَا أَتَيتَ مَضْجَعَكَ فَتَوَضَّا وْضُوءَكَ لِلصَّلَاةِ، ثُمَّ اضْطَجِعْ عَلَى شِقِّكَ الأَيْمَن، وَقُلْ: اَللهم أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ، وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ، وَفَوَّضْتُ عَلَى شِقِّكَ الأَيْمَن، وَقُلْ: اَللهم أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ، وَوَجَّهْتُ وَجْهِي إِلَيْكَ، وَفَوَّضْتُ عَلَى شِقِّكَ الأَيْمَن، وَقُلْ: اللهم أَسْلَمْتُ نَفْسِي إِلَيْكَ، لاَ مَلْجَأً وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيكَ، أَمْرِي إِلَيكَ، وَأَلْجَأتُ ظَهرِي إِلَيْكَ، رَغْبَةً وَرَهْبَةً إِلَيكَ، لاَ مَلْجَأً وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إِلَيكَ، آمَنْتُ بِكِتابِكَ الَّذِي أَنْزَلْتَ، وَبِنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ، فَإِنْ مِتَّ مِتَّ عَلَى الفِطْرَةِ، وَاجْعَلْهُنَّ آخِرَ مَا تَقُولُ». متفق عَلَيْهِ

#### বাংলা

৫/১৪৭০। বারা' ইবনে আযেব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তুমি শয্যা গ্রহণ করবে, তখন নামাযের ওজুর ন্যায় ওযু করবে। তারপর ডানপাশে শুয়ে এই দো'আ পড়বে, 'আল্লা-হুম্মা আসলামতু নাফসী ইলাইক, অ অজ্জাহতু অজহিয়া ইলাইক, অফাউওয়াযবতু আমরী ইলাইক, অ আলজা'তু যাহরী ইলাইক, রাগ্বাতাঁউ অরাহবাতান্ ইলাইক, লা মালজাআ' অলা মানজা মিনকা ইল্লা ইক, আ-মানতু বিকিতা-বিকাল্লায়ী আন্যালতা অ বিনাবিয়্যিকাল্লায়ী আরসালত্।'

অর্থাৎ হে আল্লাহ! আমি আমার প্রাণ তোমার প্রতি সমর্পণ করেছি, আমার মুখমণ্ডল তোমার প্রতি ফিরিয়েছি, আমার সকল কর্মের দায়িত্ব তোমাকে সোপর্দ করেছি, আমার পিঠকে তোমার দিকে লাগিয়েছি (তোমার উপরেই সকল ভরসা রেখেছি), এসব কিছু তোমার সওয়াবের আশায় ও তোমার আযাবের ভয়ে করেছি। তোমার নিকট ছাড়া তোমার আযাব থেকে বাঁচতে কোন আশ্রয়স্থল নেই। তুমি যে কিতাব অবতীর্ণ করেছ তার উপর এবং তুমি যে নবী প্রেরণ করেছ তার উপর ঈমান এনেছি। (বুখারী ও মুসলিম) [1]

## **English**

(249) Chapter: Supplication before going to Bed



Al-Bara' bin 'Azib (May Allah be pleased with them) reported:

The Messenger of Allah ( said, "Whenever you intend to go to bed, perform Wudu' as is done for Salat (prayer); and then lie down on the right side and recite: 'Allahumma aslamtu nafsi ilaika, wa fawwadtu amri ilaika, wal-ja'tu zahri ilaika, raghbatan wa rahbatan ilaika, la malja'a wa la manja minka illa ilaika, amantu bikitabik-alladhi anzalta, wa binabiyyik-alladhi arsalta [O Allah! I have submitted myself to You. I have turned my face to You, entrusted my affairs to You and relied completely on You out of desire for and fear of You (expecting Your reward and fearing Your punishment). There is no resort and no deliverer from (hardships) except You. I affirm my faith in Your Book which You have revealed, and in Your Prophet whom You have sent].' If you die during the night, you will die in the true religion. Let these words be your last words at night."

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith has already been mentioned. See Hadith No. 80. It points out the desirability of performing Wudu' before going to bed and reciting this Du`a which show the genuine worship and complete submission to Allah.]

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৪৭, ৬৩১৩, ৬৩১৫, ৭৪৮৮, মুসলিম ২৭১০, তিরমিয়ী ৩৩৯৪, ৩৫৭৪, আবূ দাউদ ৫০৫৬, ইবনু মাজাহ ৩৮৭৬, আহমাদ ১৮০৪৪, ১৮০৮৯, ১৮১১৪, ১৮১৪৩, ১৮১৭৭, ১৮২০৫, দারেমী ২৬৮৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন